গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৭(অংশ-২).২১-৬৫৫

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১ / ১৪ আগস্ট ২০২৪

**বিষয়: পিইডিপি ৪ এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে মাইনর মেরামত কার্য সম্পাদন।**

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের পত্র নং-৩৮.০১.০০০০.৫০০.০১১.২০-৬৮, তারিখ: ১৩ আগস্ট ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিককালে উদ্ভূত পরিস্থিতিতে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে ১৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (তালিকা সংযুক্ত) বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনপূর্বক মেরামত কার্য সম্পাদন করা প্রয়োজন:

**শর্তাবলী:**

১. উল্লিখিত মাইনর মেরামত কার্যক্রম বিদ্যালয় ম্যানেজিং কমিটির মাধ্যমে সম্পাদন করতে হবে।

২. কাজ শুরুর পূর্বে অবশ্যই উপজেলা প্রকৌশলী কর্তৃক মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা শিক্ষা কমিটির অনুমোদন নিয়ে মেরামত কাজ সম্পন্ন করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার, সংশিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা প্রকৌশলী (এলজিইডি) বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এসএমসি-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

৩. বরাদ্দকৃত অর্থে বিদ্যালয়ের প্রয়োজনীয়তার নিরিখে নিম্নোক্ত ক্ষেত্রে মেরামত কার্যক্রম সম্পন্ন করা যাবে: (ক) বিদ্যালয় ভবন, ওয়াশব্লক এবং টয়লেটের ক্ষতিগ্রস্ত প্লাস্টার মেরামত, (খ) দরজা, জানালা, বেঞ্চ, চেয়ার, কলাপসিবল গেট ইত্যাদি মেরামত (গ) ছাদের সিলিং/আস্তর মেরামত, (ঘ) ভবনের ওয়াল, কলাম, বীম এবং ছাদের ফাটল মেরামত, (ঙ) বিদ্যালয় ভবনের দরজা, জানালা রংকরণ, (চ) টাইলস (যদি থাকে), সিড়ির রেলিং, বিদ্যালয়ের গেট এবং ড্রেনেজ সিস্টেম মেরামত, (ছ) ব্ল্যাক বোর্ড প্লাস্টারকরণ এবং রংকরণ (জ) টয়লেট এর পাইপ, ড্রেন, বেসিন, কমোড, প্যান ইত্যাদি মেরামত/প্রতিস্থাপন, (ঝ) টিউবওয়েল এর প্লাটফর্ম মেরামত এবং টিউবওয়েলের যন্ত্রাংশ প্রতিস্থাপন, (ঞ) বিদ্যালয় ভবনের বৈদ্যুতিক ব্যবস্থা (সুইচ, ওয়্যারিং, ফ্যান ইত্যাদি) মেরামত, (ট) বিদ্যালয়ের মাঠে মাটি ভরাটকরণ, (ঠ) বিদ্যালয় ভবনের নিরাপত্তার স্বার্থে যেকোন মেরামত, (ড) এছাড়াও বিদ্যালয়ের চাহিদাভিত্তিক অন্যান্য মেরামত।

৪. মেরামতের জন্য যে সকল কার্যক্রম গ্রহণ করা হবে তা মেরামতের পূর্বে ছবি/ভিডিও করতে হবে এবং মেরামতের পর ছবি/ভিডিও করে রাখতে হবে এবং রেজিষ্ট্রি করে সংরক্ষণ করতে হবে।

৫. নিরীক্ষা (অডিট) এর জন্য বিল/ভাউচার ও প্রাক্কলন এর কপি উপজেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক উক্ত বিল/ভাউচার ও প্রাক্কলন এর এক কপি নিজ বিদ্যালয়ে সংরক্ষণ করবেন।

৬. অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের জিও নং-৩৮.০১.০০০০.৫০০.০১১.২০-৬৮, তারিখ: ১৩ আগস্ট ২০২৪ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রকিউরমেন্ট সংক্রান্ত সকল আইন ও বিধিবিধান এবং ভ্যাট/আয়কর কর্তনসহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।

৭. অ্যাকাউন্টস অফিস হতে বিল পাশের পর উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা কোনভাবেই নগদ অর্থের মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে অর্থ প্রদান করতে পারবেন না। অবশ্যই বিদ্যালয়ের নির্দিষ্ট হিসাবে (Account) অর্থ স্থানান্তর বা ক্রস চেকের মাধ্যমে তা প্রদান করতে হবে।

৮. উক্ত মেরামত কার্যক্রমে অর্থ ব্যয়ের ক্ষেত্রে যথাযথ স্বচ্ছতা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে যে কোনো ধরনের আর্থিক অনিয়মের জন্য ডিডিও দায়ী থাকবেন।

৯. পত্রের কপি প্রধান শিক্ষককে আবশ্যিকভাবে বিতরণ করতে হবে। এক্ষেত্রে কোন ধরনের অবহেলা গ্রহণযোগ্য হবে না।

উল্লিখিত নির্দেশনা ও শর্তাবলী প্রতিপালনপূর্বক পিইডিপি-৪ এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়সমূহে বরাদ্দকৃত অর্থ যাবতীয় প্রস্তুতি সম্পন্নক্রমে মাইনর মেরামত কার্যক্রম জরুরিভিত্তিতে সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে উপরোল্লিখিত কার্যক্রম সম্পাদনের প্রতিবেদন আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১) বরাদ্দপ্রাপ্ত ১৬টি বিদ্যালয়ের তালিকা ।

১৪-০৮-২৪
(ড. মোঃ আতাউল গনি)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

উপজেলা শিক্ষা কর্মকর্তা

হোসেনপুর, কিশোরগঞ্জ/সদর, গাজীপুর/কালিয়াকৈর, গাজীপুর/সাটুরিয়া, মানিকগঞ্জ/ক্যান্টনমেন্ট,ঢাকা

লাঙ্গলকোট, কুমিল্লা/ সদর দক্ষিণ, কুমিল্লা/বারিশাল সদর, বরিশাল/শায়েস্তাগঞ্জ,হবিগঞ্জ।

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৭(অংশ-২).২১- ৮৫৫/৩৬

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১
১৪ আগস্ট ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট ও আইসিটি), এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
(তাঁর আওতাধীন উপজেলা প্রকৌশলী কর্তৃক বিদ্যালয়ের প্রাক্কলন প্রস্তুতিতে প্রধান শিক্ষক ও এসএমসি সভাপতিদের প্রয়োজনীয় সহায়তার অনুরোধসহ)

২। পরিচালক, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩। পরিচালক, পলিসি ও অপারেশন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। জেলা প্রশাসক,কিশোরগঞ্জ/ গাজীপুর/ মানিকগঞ্জ/ ঢাকা/ কুমিল্লা/ বরিশাল/ হবিগঞ্জ।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/ বরিশাল/ সিলেট বিভাগ।
(তাঁর আওতাধীন জেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের মেরামত কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)

৭। উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ/সদর, গাজীপুর/ কালিয়াকৈর, গাজীপুর/সাটুরিয়া, মানিকগঞ্জ/ক্যান্টনমেন্ট,ঢাকা/ লাঙ্গলকোট, কুমিল্লা/ সদর দক্ষিণ, কুমিল্লা/বারিশাল সদর, বরিশাল/শায়েস্তাগঞ্জ,হবিগঞ্জ।

৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কিশোরগঞ্জ/ গাজীপুর/ মানিকগঞ্জ/ ঢাকা/ কুমিল্লা/ বরিশাল/ হবিগঞ্জ।
(তাঁর আওতাধীন সদর উপজেলার ২০২৪-২৫ অর্থবছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সম্পাদিত মাইনর মেরামত কার্যক্রমের মান যাচাইপূর্বক বিবরণী প্রেরণের অনুরোধসহ)

৯। মহাপরিচালকের মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১০। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১১। উপজেলা/ থানা হিসাব রক্ষণ কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ/সদর, গাজীপুর/ কালিয়াকৈর, গাজীপুর/সাটুরিয়া, মানিকগঞ্জ/ক্যান্টনমেন্ট,ঢাকা/ লাঙ্গলকোট, কুমিল্লা/ সদর দক্ষিণ, কুমিল্লা/বারিশাল সদর, বরিশাল/শায়েস্তাগঞ্জ,হবিগঞ্জ।

১২। সংরক্ষণ নথি।

১৪/০৮/২০২৪

(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)